গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০৩.০১.০০৬.১৬-২৫৭

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৩ / ১৪ ফেব্রুয়ারি ২০১৭।

## অফিস আদেশ

বাণিজ্য মন্ত্রণালয়ের ১২/০১/২০১৭ খ্রিঃ তারিখের ২৬.০০.০০০০.০৯১.০১.০২১.১১-০৭ সংখ্যক পত্রের সূত্রে প্রাপ্ত "বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৪/০১/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর, পরিদপ্তর ও সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ক" সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের অনুচ্ছেদ ২(ঙ) এর আলোকে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ও এর আওতাধীন আঞ্চলিক দপ্তরসমূহের অভ্যন্তরীণ আয় ও ব্যয়ের অডিট করার জন্য এ দপ্তরের ১৯/০১/২০১৭ খ্রিঃ তারিখের ২৬.০৩.০০০০.০০৩.০১.০০৬.১৬-৮৬ সংখ্যক অফিস আদেশের মাধ্যমে নিম্নে বর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি অডিট কমিটি গঠন করা হয়েছিল। পরবর্তীতে বাণিজ্য মন্ত্রণালয়ের ১৯/০১/২০১৭ খ্রিঃ তারিখের ২৬.০০.০০০০.০৯১.০১.০৬৬.১৬-১৪ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে ইতোপূর্বে গঠিত অডিট কমিটির কার্যপরিধি নিম্নেবর্ণিতভাবে সংশোধন করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবী | কর্মরত দপ্তর | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১ | জনাব নন্দন কুমার বনিক, যুগ্ম-নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | আহবায়ক |
| ২ | জনাব মোহাম্মদ খায়রুল আলম, উপ-নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩ | জনাব মোহাম্মাদ মাহমুদুল হক, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) আয়-ব্যয় সংশ্লিষ্ট শাখাসমূহ কর্তৃক আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান এবং তৎসংক্রান্ত সর্বশেষ সরকারি সিদ্ধান্ত/আদেশ সঠিকভাবে অনুসরণ করা হয় কি না?

খ) বাজেট বরাদ্দ এবং বাজেট বরাদ্দের নির্দেশনাবলি ও পিপিআর সঠিকভাবে অনুসরণ করা হয় কি না?

গ) ভবিষ্যতে অডিট আপত্তি উত্থাপন সীমিত রাখা এবং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইনগত ও প্রশাসনিক পরামর্শ প্রদান করা।

ঘ) সদর দপ্তরে গঠিত কমিটি কর্তৃক আঞ্চলিক/শাখা সমূহের অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করা।

ঙ) কমিটি প্রতি দুই মাসে কমপক্ষে ০১ (এক) বার আয়-ব্যয় পর্যালোচনা করবে এবং কোন প্রকার অসংগতি/অনিয়ম পাওয়া গেলে দপ্তর/সংস্থার প্রধানকে অবহিত করবে।

চ) কমিটির কাজে সহযোগিতার জন্য দপ্তরের ০২ (দুই) জন অভিজ্ঞ কর্মচারীর সহযোগীতা নেয়া যাবে।

১৪-০২-১৭

(নন্দন কুমার বনিক)
যুগ্ম-নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
nandanbanik2010@yahoo.com
ফোন-৯৫৫৮৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে

১। জনাব নন্দন কুমার বনিক, যুগ্ম-নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
২। জনাব মোহাম্মদ খায়রুল আলম, উপ-নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৩। জনাব মোহাম্মাদ মাহমুদুল হক, সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৪। অফিস প্রধান, সকল আঞ্চলিক দপ্তর।
৫। সহকারী নিয়ন্ত্রক, শাখা-১/২/৩ ও ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৬। উপ-সচিব, প্রশাসন-৬ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রনিক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (প্রনিক মহোদয়ের সদয় অবগতির জন্য)।